

WEST BENGAL STATE COUNCIL OF TECHNICAL & VOCATIONAL EDUCATION & SKILL DEVELOPMENT

(Technical Education Division)

Erstwhile West Bengal State Council of Technical Education
Karigori Bhavan, 4th Floor Plot no-B/7, Action Area-III, Newtown, Rajarhat, Kolkata-700160

Memo No. WBSCTVESD/TED/1/2015-16/ 728

Dated, 29.08.16

ভর্তির বিজ্ঞপ্তি

বালিগঞ্জ ট্রেনিং ইনস্টিটিউটে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে দু বছরের Full Time, Regular 'Advanced Diploma Course in Art & Craft'-এ ভর্তির জন্য শুধুমাত্র মহিলা প্রার্থীদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। এই কোর্সটি West Bengal State Council of Technical & Vocational Education & Skill Development, Govt. of West Bengal দ্বারা মান্যতাপ্রাপ্ত।

যোগ্যতা-প্রার্থীকে অবশ্যই কোনও সরকার স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ন্যূনতম উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। আবেদন করার জন্য নির্দিষ্ট ফর্ম বালিগঞ্জ ট্রেনিং ইনস্টিটিউট, ২৭০ রাসবিহারী এভিনিউ, কলকাতা-১৯ থেকে (বালিগঞ্জ ভারত সেবাস্রম সঙ্ঘের নিকট) সপ্তাহের যে কোনও কাজের দিন সকাল ১১ থেকে বিকেল ৪টে এবং শনিবার দুপুর ১টা এর মধ্যে ব্যক্তিগতভাবে সংগ্রহ করতে হবে। ফর্মের মূল্য ১০ টাকা। ডাকযোগে সংগ্রহের জন্য ৫ টাকার ডাকটিকিট সংবলিত নিজ নাম ঠিকানা যুক্ত খাম পাঠিয়ে আবেদন করা যেতে পারে। সে ক্ষেত্রে ১০ টাকার ইন্ডিয়ান পোস্টাল অর্ডার পাঠাতে হবে (To The Superintendent, Ballygunge Training Institute, 270, Rash Behari Avenue, Kolkata-19) -এর অনুকূলে। যথাযথভাবে পূরণ করা ফর্মের সঙ্গে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড, মার্কশিট, সার্টিফিকেট, উচ্চমাধ্যমিকের মার্কশিট, সার্টিফিকেট, এস. সি./ এস. টি./ পি. এইচ. সার্টিফিকেট ইত্যাদি। যে কোন সার্টিফিকেটেরই প্রত্যয়িত নকল উপরে উল্লিখিত ইনস্টিটিউটে পাঠাতে হবে। সরকারি বিধি অনুযায়ী এস. সি./ এস. টি./ পি. এইচ. প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে। ফর্ম সংগ্রহ করার শেষ তারিখ বিজ্ঞপ্তি প্রকাশের দিন থেকে ১৫ দিন, ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ বিজ্ঞপ্তি প্রকাশের দিন থেকে ২০ দিন।

তারিখ - ৩০/০৮/২০১৬

কর্তৃপক্ষ